

ডোবের কাগজ

১৪ মে, ২০০৯

শ্রী-৬

শ্রীমতী (মঃ) ৩৭৫.৫৪৯২



অধ্যাপক মুনীর ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি
অনুষদের ক্লিনিক্যাল ফার্মেসি এবং
ফার্মাকোলোজি বিভাগের অধ্যাপক
ড. মুনীরউদ্দিন আহমদকে ইস্ট
ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য
হিসেবে ৪ বছরের জন্য নিয়োগ
প্রদান করা হয়েছে। এই
নিয়োগপ্রাপ্তির আগে অধ্যাপক ড.
মুনীরউদ্দিন আহমদ ইস্ট ওয়েস্ট
বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের
অধ্যাপক এবং চেয়ারপারসন
হিসেবে দায়িত্ব পালন করে
আসছিলেন। এই বছরের ১
জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে
ছুটি নিয়ে তিনি ইস্ট ওয়েস্ট
বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন।

অধ্যাপক ড. মুনীরউদ্দিন
আহমদ ফেনীর ফুলগাজী উপজেলার
নূরপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ
থেকে বি-ফার্ম (অনার্স) (১৯৭২)
এবং এম-ফার্ম (১৯৭৩) পরীক্ষায়
উত্তীর্ণ হয়ে তিনি ১৯৭৫ সালে
প্রভাষক হিসেবে ফার্মেসি বিভাগে
যোগদান করেন। ১৯৯২ সালে তিনি
অধ্যাপক হিসেবে পদোন্নতি লাভ
করেন। কর্মময় জীবনে তিনি ১৯৮৬
থেকে ১৯৮৯ সাল পর্যন্ত ফার্মেসি
বিভাগ এবং ২০০৩ থেকে ২০০৭
সাল পর্যন্ত ক্লিনিক্যাল ফার্মেসি এবং
ফার্মাকোলোজি বিভাগের
চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন।